

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
[www.bkbb.gov.bd](http://www.bkbb.gov.bd)

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডে দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে ২৫ মে, ২০২২ তারিখে  
অনুষ্ঠিত সেবা প্রদান প্রতিশুভি বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ সভার কার্যবিবরণী।

সভাপতি	: ড. নাহিদ রশীদ, মহাপরিচালক (সচিব)
সভার তারিখ	: ২৫ মে, ২০২২
সভার সময়	: সকাল ১১.০০ টা।
স্থান	: বোর্ডের সভাকক্ষ, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।
উপস্থিতি	: সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট -“ক” তে দেখানো হলো।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (প্রশাসন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের দাপ্তরিক কর্মকাণ্ড ও সেবা প্রদান কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে বোর্ডের সেবা প্রদান প্রতিশুভিতে বিদ্যমান সেবাসমূহ এবং সেবা প্রদান পদ্ধতি সম্পর্কে বিশদভাবে সভায় অবহিত করেন। বোর্ডের সেবা প্রদান প্রতিশুভির বিষয়ে সভায় উপস্থিত সকলে নিম্নোক্ত আলোচনা/মতামত ব্যক্ত করেন।

২.০ জনাব মোঃ রবিউল ইসলাম, অফিস সহকারী, বিভাগীয় কমিশনার অফিস, ঢাকা সভায় বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক প্রাপ্ত সেবার বিষয়ে গৃহীত পদক্ষেপসমূহ নিয়ে সতোষ প্রকাশ করেন। ভবিষ্যতে বাস সার্ভিস কর্মসূচির সেবার মান বৃদ্ধিকল্পে বাস ভাড়া বাড়ানো হলে সেবাগ্রহীতাদের মধ্যে কোন আপত্তি থাকবে না মর্মে তিনি মতপ্রকাশ করেন। তিনি নির্দিষ্ট সময়ে বাস অফিসে পৌছানোর বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক ড্রাইভারকে তাগাদা দেয়ার জন্যও অনুরোধ জানান।

৩.০ জনাব আরিফ হোসাইন, প্রশাসনিক কর্মকর্তা, বিধি অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা জানান যে, তাঁর রুটের দোতালা বাসের সাথে অনেক সময় গাছের ডাল লেগে যায়। এছাড়া বাসটি দোতালা হওয়ায় বাসের বয়ন্ত যাত্রী, এবং অন্যান্য অসুস্থ যাত্রীদের সিডি বেয়ে উপরে উঠতে অসুবিধা হচ্ছে। এজন্য তিনি তাঁর রুটে দোতালা বাসের পরিবর্তে দুইটি মিনি বাস দেওয়ার অনুরোধ করেন। এছাড়া তিনি বিআরটিসি বাস এর বিভিন্ন সমস্যার কথা তুলে ধরেন।

৪.০ জনাব মোঃ আব্দুর রব, উচ্চমান সহকারী, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা সভায় বাস সার্ভিস কর্মসূচির টিকেটের আবেদন জমা ও বাস ভাড়া পরিশোধের ব্যবস্থা অনলাইনে গ্রহণ করার জন্য অনুরোধ করেন।

৫.০ জনাব মোঃ এনামুল হক শাহীন, অফিস সহায়ক, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা জানান যে, স্টাফবাসের টিকেট নির্দিষ্ট একটি গাড়ির জন্য দেয়া হলেও কারণবশত রাস্তায় ঐ গাড়ি মিস করলে বা গাড়ি নষ্ট হলে টিকেটধারী যাত্রীদের ঐ রুটের অন্য কোন স্টাফবাসে উঠতে দেয়া হয় না। তাই তিনি স্টাফবাসের টিকেট প্রদর্শন সাপেক্ষে ঐ রুটের যে কোন গাড়িতে উঠার ব্যবস্থা বিষয়ে মত প্রকাশ করেন।

৬.০ জনাব মোসাঃ আল্লনা বেগম, অফিস সহায়ক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা সভায় শিক্ষা ভাতার অনুদানের পরিমাণ বাড়ানোর জন্য অনুরোধ জানান।

৭.০ জনাব হালিমা সাদিয়া, বৈজ্ঞানিক সহকারী-২, ইলেক্ট্রনিক বিভাগ, পরমানু শক্তি কেন্দ্র, রমনা, ঢাকা জানান যে, শিক্ষাবৃত্তি ১১-২০ গ্রেডের কর্মচারীদের সন্তানদের প্রদান করা হচ্ছে। ১০ম গ্রেডের কর্মচারীর সন্তানদের ক্ষেত্রেও শিক্ষাবৃত্তি প্রদানের ব্যবস্থা রাখার সুপারিশ করেন।

৮.০ জনাব আবুল কাশেম, স্পেশাল ব্রাঞ্চ জানান, তিনি চিকিৎসা সহায়তার অর্থ সঠিক সময়ে পেয়েছেন। এজন্য তিনি এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান এবং সেই সাথে চিকিৎসা ভাতার পরিমাণ আরও বৃদ্ধি করারও অনুরোধ জানান।

৯.০ পরিশেষে সভাপতি সমাপনী বক্তব্যে নিম্নরূপ নির্দেশনা প্রদান করেন:-

- (ক) বাস সার্ভিস কর্মসূচির জন্য নতুন বাস ক্রয় করতে হবে;
- (খ) স্টাফবাস সার্ভিস সেবার যুগোপযোগী ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে আরও উদ্যোগী হওয়ার নির্দেশনা দেন;
- (গ) বাসরুট, নির্দিষ্ট সময়ে বাস ছাড়া, জরাজীর্ণ বাস প্রতিস্থাপন ইত্যাদি বিষয়ে উন্নয়ন অধিশাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
- (ঘ) কর্মচারী কল্যাণ বোর্ডের সেবা প্রাপ্তির ক্ষেত্রে সেবাগ্রহীতাগণের কোনো পরামর্শ থাকলে তা বোর্ডকে অবহিত করার জন্য অনুরোধ করা হয়।

১০.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে স্বতঃপূর্ত অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্থা/-

০৫/০৬/২০২২

(ড. নাহিদ রশীদ)

মহাপরিচালক (সচিব)

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড

নথি নং ০৫.৮১.০০০০.০০৭.১৬.০১।২২, ৩ (৮৬)

তারিখ: ০৬/০৬/২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যালয়ে অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যোতিতার ক্রমানুসারে নয়)

- ০১। উপসচিব, সচিবালয় শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ০২। পরিচালক (উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। সিনিয়র সহকারী সচিব, সিপি-৩শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ০৪। উপপরিচালক (প্রশাসন)/উপপরিচালক (উন্নয়ন)/উপপরিচালক (অর্থ ও বাজেট), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। প্রোগ্রামার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। মহাপরিচালকের একান্ত সচিব, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা, (মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য)।
- ০৭। সহকারী পরিচালক, প্রশাসন/কর্মসূচি/চিকিৎসা/কল্যাণ, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৮। হিসাবরক্ষণ কর্মকর্তা (কল্যাণ তহবিল) / (বোর্ড তহবিল), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৯। অফিস কপি/ওয়েবসাইট

  
০৫.০৬.২০২২  
(এ কে এম ফজলুজ্জাহ)  
পরিচালক (প্রশাসন)